তারিখ ... 29 OCT 2015 ...
পৃষ্ঠা ...১৪... কলাম ...৬...

দৈনিক
ইত্তেফাক

# জয়পুরহাটে নকলের দায়ে শিক্ষক ও তিন ছাত্র বহিষ্কার

■ জয়পুরহাট প্রতিনিধি

জয়পুরহাটের সিদ্দিকিয়া কামিল মাদ্রাসা কেন্দ্রে নকল সরবরাহের অভিযোগে এক শিক্ষক ও নকল করার দায়ে তিন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে। জয়পুরহাটের নির্বাহী ম্যাজিস্ট্রেট আবু হাসনাত মো. শহিদুল হক বুধবার পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের সময় এই বহিষ্কারাদেশ দেন।

মাদ্রাসার অধ্যক্ষ মওলানা আব্দুল মতিন বলেন, গতকাল ১ম বর্ষ অনার্স এর 'আন্নাহু ছরফ' বিষয়ে পরীক্ষা চলাকালে নকলের মহোৎসব চলছে এমন খবর পেয়ে জেলা নেজারত ডেপুটি কালেক্টরেট ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আবু হাসনাত মো. শহিদুল হক কেন্দ্র পরিদর্শনে আসেন। এ সময় পরীক্ষার্থীদের মাঝে নকল সরবরাহকালে ওই মাদ্রসার আরবি বিষয়ের প্রভাষক আব্দুর রহমানকে তিনি হাতে-নাতে ধরে ফেলেন। এ ছাড়া পরীক্ষায় নকল করার অভিযোগে তিন শিক্ষার্থীকে পরীক্ষা হতে বহিষ্কার করা হয়।